

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-৪৪২১(আগরতলা ১।১)

আগরতলা, ১ জানুয়ারি, ২০২৪

সিআরপিএফ'র বর্ষবিদায় সাংস্কৃতিক অনুষ্ঠানে রাজ্যপাল

রাজ্যপাল ইন্দ্রসেনা রেড্ডি নাল্লু গতকাল শালবাগানস্থিত সিআরপিএফ'র ১২৪ নং ব্যাটেলিয়ানের মুখ্য কার্যালয়ে বর্ষবিদায় সাংস্কৃতিক অনুষ্ঠানে অংশগ্রহণ করেন। অনুষ্ঠানে আলোচনা করতে গিয়ে রাজ্যপাল বলেন, দেশে আভ্যন্তরীণ সুরক্ষা প্রদানে সিআরপিএফ অভাবনীয় কাজ করছে। রাজ্যে আইন শৃঙ্খলা বজায় রাখার ক্ষেত্রের সিআরপিএফও গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করছে। তিনি বলেন, যোগাযোগ ব্যবস্থার উন্নয়নের ফলে রাজ্য অচিরেই উত্তর-পূর্বাঞ্চলের প্রবেশদ্বার হয়ে উঠবে। তখন রাজ্যে আইন শৃঙ্খলা রক্ষায় সিআরপিএফ জওয়ানদের দায়িত্ব আরও বাড়বে। অনুষ্ঠানে স্বাগত বক্তব্য রাখেন ব্যাটেলিয়ানের কমান্ডেন্ট মুকেশ ত্যাগী। অনুষ্ঠানে কেন্দ্রীয় বিদ্যালয়, জওহর নবোদয় বিদ্যালয় এবং সিআরপিএফ'র জওয়ানগণ বর্ণাঢ্য সাংস্কৃতিক অনুষ্ঠান পরিবেশন করে। অনুষ্ঠানে ফাস্ট লেডি রেনুকা নাল্লু, সিআরপিএফ'র ডিআইজি রাকেশ কুমার যাদব সহ অন্যান্যরা উপস্থিত ছিলেন।
